

ভূগোল

আজকের পাঠ

শিলা : প্রকার ও তার বৈশিষ্ট্য

(প্রথম ভাগ)

১) আমাদের ভূত্বক কি দিয়ে গঠিত?

✓ বিভিন্ন রকমের শিলা।

২) শিলা কি?

✓ ভূত্বক যেসব উপাদান দিয়ে গঠিত তাকে শিলা বলে।

৩) উৎপত্তি ও গঠন অনুসারে শিলা কয় প্রকার ও কি কি?

✓ তিন প্রকার। ১) আগ্নেয়শিলা, ২) পাললিক শিলা ও ৩) রূপান্তরিত শিলা।

৪) আগ্নেয়শিলার উৎপত্তি কিভাবে হয়?

✓ ভূ – গর্ভস্থ উত্তপ্ত ও গলিত ম্যাগমা ভূত্বকের ফাটল দিয়ে বের হয়ে শীতল ও কঠিন হয়ে যে শিলায় উৎপন্ন হয় তাকে আগ্নেয়শিলা বলে।

৫) কোন শিলা প্রাথমিক শিলা নামে পরিচিত?

✓ আগ্নেয়শিলা

৬) অ – স্তরীভূত শিলা কাকে বলা হয়?

✓ আগ্নেয়শিলাকে

৭) কোন শিলাকে কেলাসিত শিলা বলা হয়?

✓ আগ্নেয়শিলাকে

৮) ভূত্বকের প্রায় কতভাগ আগ্নেয় শিলা দিয়ে গঠিত?

✓ ৯৫ ভাগ

৯) আগ্নেয়শিলাকে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ দুই ভাগে। ১) নিসারী আগ্নেয়শিলা (**Extrusive Igneous Rocks**) এবং ২) উদ্ বেধী আগ্নেয়শিলা (**Intrusive Igneous Rocks**)।

১০) আগ্নেয়শিলার কয়েকটি উদাহরন দাও?

✓ গ্রানাইট, ব্যাসাল্ট, ডলোরাইট ও গ্রাব্রো।

১১) আগ্নেয়শিলার গঠন কিসের উপর নির্ভর করে?

✓ ১) গলিত ম্যাগমা এর শীতল ও কঠিন হয়ে কেলসিত হওয়া

২) গলিত ম্যাগমা এর রাসায়নিক গঠন

১২) নিসারী আগ্নেয়শিলা (Extrusive Igneous Rocks) কি ভাবে গঠিত হয়?

✓ ভূ – অভ্যন্তরের গলিত ধাতব পদার্থ ভূ – ত্বকের কোনো সময় ফাটল বা ছিদ্র দিয়ে বের হয়ে সেই তরল ধাতব পদার্থ শীতল ও কঠিন হয়ে নিসারী আগ্নেয়শিলা (Extrusive Igneous Rocks) গঠিত হয়।

১৩) নিসারী আগ্নেয়শিলা (Extrusive Igneous Rocks) এর উদাহরন দাও?

✓ ব্যাসাল্ট, রায়েলাইট ও অ্যাভোসাইট

১৪) নিসারী আগ্নেয়শিলা কয় প্রকার ও কি কি?

✓ দুই প্রকার। ১) লাভা শিলা ও ২) পাইরোক্লাস্টিক শিলা।

১৫) লাভা শিলা কিভাবে গঠিত হয়?

✓ ভূ – অভ্যন্তরের গলিত ম্যাগমা ভূত্বকের ফাটল ও ছিদ্র দিয়ে বের হয়ে ভূ পৃষ্ঠে এর মধ্যেই কঠিন ও শীতল হয়ে এরকম শিলার গঠন হয়। যেমন ব্যাসাল্ট।

১৬) পাইরোক্লাস্টিক শিলা কি ভাবে গঠিত হয়?

✓ ভূ – অভ্যন্তরের গলিত ম্যাগমা ভূত্বকের ফাটল দিয়ে বের হওয়ার সময় নির্গত হওয়া জমাটবদ্ধ কঠিন ছোটো ছোটো শিলাখণ্ডকে পাইরোক্লাস্টিক শিলা বলা হয়। যেমন টাফ শিলা (Volcanic Tuff)

১৭) উদ্বেষী আগ্নেয়শিলা (Intrusive Igneous Rocks) কি ভাবে গঠিত হয়?

✓ ভূ – অভ্যন্তরের গলিত ধাতব পদার্থ ও ম্যাগমা কোনো কোনো সময় ভূ – পৃষ্ঠে পৌঁছতে না পেরে ভূ – অভ্যন্তরেই কঠিন ও শীতল হয়ে উদ্বেষী আগ্নেয়শিলার গঠন হয়। যেমন গ্রানাইট, গ্র্যাব্রো, ডলোরাইট ও পেরিডোটাইট।

১৮) গঠন অনুসারে উদ্বেষী শিলা (Extrusive Igneous Rocks) কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ দুই ভাগে। ১) পাতালিক শিলা (Plutonic Igneous Rocks) ও ২) উপপাতালিক শিলা (Hypabyssal Rocks)

১৯) পাতালিক শিলা (Plutonic Igneous Rocks) কি ভাবে গঠিত হয়?

✓ ভূ – অভ্যন্তরের গলিত ধাতব পদার্থ ও ম্যাগমা কোনো কারণে ভূ – ত্বকের ফাটল দিয়ে বের না হয়ে যদি ভূ –

অভ্যন্তরের অনেক গভীরতায় ধীরে ধীরে শীতল ও কঠিন হয়ে পাতালিক শিলার গঠন হয়। যেমন, গ্রানাইট, গ্র্যাব্রো ও পেরিডোটাইট।

২০) উপপাতালিক শিলা (Hypabyssal Rocks) কি ভাবে গঠিত হয়?

✓ ভূ – অভ্যন্তরের গলিত ধাতব পদার্থ ও ম্যাগমা যদি ভূ – পৃষ্ঠের কাছাকাছি স্বল্প গভীরতায় কোনো ফাটল বা ছিদ্রের মধ্যে পাতালিক থেকেও খুব তাড়াতাড়ি শীতল হয়ে জমাট বাঁধে এরকম উপপাতালিক শিলা গঠিত হয়। যেমন, ডলোরাইট।

সমাপ্ত

ধন্যবাদ

